

CITY COLLEGE
102/1, RAJA RAMMOHAN SARANI, KOLKATA-700009
Website: citycollegerkolkata.org

NOTICE

Dated: 22.11.2020

(বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রেশন সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি)

২০২০-২১ সেশনে আমাদের কলেজে প্রথম সেমিস্টারে ভর্তি হওয়া সব ছাত্রছাত্রীকে নিচের নির্দেশিকাটি মনোযোগ সহকারে পড়তে অনুরোধ করা হচ্ছে।

১। আবেদন করবার সময় কিছু ভুল করে থাকলে তবেই “modify profile” অপশনে গিয়ে প্রোফাইল সংশোধনের প্রয়োজন, আবেদনের সময় সঠিক তথ্য দেওয়া থাকলে এই অপশনে যাওয়ার কোন প্রয়োজন নেই।

২। ছাত্রছাত্রীরা কিছু কিছু তথ্য পরিবর্তন করতে পারবে (উদাহরণ; ঠিকানা বা অভিভাবকের নাম), কিন্তু কিছু তথ্য পরিবর্তন করতে পারবে না (উদাহরণ; পরীক্ষায় প্রাপ্ত নম্বর, caste বা নিজের নাম)। সেক্ষেত্রে আগের বিজ্ঞপ্তি-তে প্রদত্ত মেল আইডি-তে (cityreg2020@gmail.com) ভুলের বিবরণ এবং সঠিক তথ্যটি উপযুক্ত প্রমাণ (সংশ্লিষ্ট ডকুমেন্টের স্ক্যান করা কপি) সহ মেল করতে হবে। মেল করার শেষ তারিখ ২৩.১১.২০২০। যদি দেখা যায় কোন ভুল তথ্য মেরিট তালিকায় ক্যান্ডিডেটকে অতিরিক্ত সুবিধা পাইয়ে দিয়েছে, সেক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ সেই ক্যান্ডিডেটের ভর্তি বাতিল করে দিতে পারে।

৩। কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সব ডকুমেন্টের স্ব-প্রত্যয়িত (self-attested) ফটোকপি আপলোড করার জন্য বিজ্ঞপ্তি দিয়েছেন। অবশ্য যদি কোন ক্যান্ডিডেট মূল ডকুমেন্টের (original document) স্ক্যান করা কপি আপলোড করে থাকে, সে ক্ষেত্রে স্ব-প্রত্যয়িত (self-attested) ফটোকপি আপলোড করার প্রয়োজন নেই। নেট থেকে ডাউনলোড করা মার্কশীট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গ্রহণ করেন না।

৪। যে ক্যান্ডিডেটরা ডকুমেন্টের ফটোকপি আপলোড করেছে, তাদের ২৬.১১.২০২০ তারিখের মধ্যে স্ব-প্রত্যয়িত (self-attested) ডকুমেন্ট আপলোড করতে অনুরোধ করা হচ্ছে। আমাদের অ্যাডমিশন পোর্টালে আপলোড করবার লিঙ্ক দেওয়া আছে, লগ ইন করে ডকুমেন্ট আপলোড করা যাবে।

৫। এ বছর ছাত্র ছাত্রীদের আপাতত কোন রেজিস্ট্রেশন ফর্ম ফিল আপ করতে হচ্ছে না। তাদেরই আপলোড করা তথ্য ও ডকুমেন্ট কলেজ কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় পোর্টালে আপলোড করে দেবে। যদি কোন ছাত্র ছাত্রী ভুল তথ্য বা ডকুমেন্ট আপলোড করে থাকে, তাহলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তার রেজিস্ট্রেশন বাতিল করতে পারেন, কলেজ এ ব্যাপারে কোন দায়িত্ব গ্রহণ করবে না।

Sd/
Principal
City College